



আজকের পত্রিকা

১৩-০২-২০২৫, অনলাইন

নবীন শিক্ষার্থীদের বরণ করল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সন্মিলন অনুষ্ঠান। ছবি: বিজ্ঞপ্তি

দেশের অন্যতম প্রধান বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২৫ সালের বসন্তকালীন সেমিস্টারে নবীন শিক্ষার্থীদের বরণ করল। আজ বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আফতাবনগর, ঢাকায় এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই সেমিস্টারে বিশ্ববিদ্যালয়ের ১৪টি বিভাগে প্রায় ১৮৫০ জন শিক্ষার্থীকে বরণ করা হয়েছে।

নবীনবরণ অনুষ্ঠানের প্রথমভাগে প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য, অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন। বিশেষ অতিথির বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শামস রহমান এবং সভাপতির বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের ডিন নবীনদের উদ্দেশে নিজ নিজ অনুষদের সম্ভাবনা নিয়ে বক্তব্য দেন। এ ছাড়া নবীন শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে একজন শিক্ষার্থীও তাঁর অনুভূতি উপস্থাপন করেন।



সন্মিলন অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ফরাসউদ্দিন বক্তব্য দেন। ছবি: বিজ্ঞপ্তি

অনুষ্ঠানে বক্তারা নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনে কঠোর অধ্যবসায়ের পাশাপাশি বিভিন্ন ক্লাব, গবেষণাগার এবং লাইব্রেরিতে সক্রিয় হয়ে একজন দক্ষ মানবসম্পদ রূপে নিজেকে গড়ে তোলার প্রস্তুতি নিতে পরামর্শ দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, উপ-উপাচার্য, জ্যেষ্ঠাধ্যক্ষ, শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী এবং তাঁদের অভিভাবকেরা অংশগ্রহণ করেন। পরে বিভাগভিত্তিক অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়।